দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয়ে নিয়োগের জন্য সমন্বিত নীতিমালা প্রণয়নের আহ্বান

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা মতপ্রকাশ করেছেন, উচ্চশিক্ষার মান উন্নয়নে শিক্ষক নিয়োগ এমনকি কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষেত্রেও সকল বিশ্ববিদ্যালয়ের জন্য একটি সমন্বিত নিয়ম-নীতি প্রণয়ন ও তা অনুসরণ করা প্রয়োজন।

গতকাল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সকল সদস্য এবং দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এক মতবিনিময় সভায় উপাচার্যরা এ মতপ্রকাশ করেন। গতকাল কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন কমিশনের

নীতিমালা ঃ পৃঃ ১১ কঃ ৩

## নীতিমালা ঃ বিশ্ববিদ্যালয়

( ১ম পৃষ্ঠার পর )

চেয়ারম্যান প্রফেসর ড. এ. টি. এম জহুরুল হক।

সভায় মতবিনিময়কালে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার উন্নয়ন ও তার সংরক্ষণ, রাজস্ব বাজেটের পুঞ্জিভূত ঘাটতি এবং উন্নয়ন বাজেটের সমস্যাবলি, জনবল নিয়োগ ও পদোন্নতির নিয়ম-নীতি ইত্যাদি বিষয় আলোচিত হয়।

বিশ্ববিদ্যালয়গুলোর বর্তমান বিরাজমান আর্থিক ঘাটতি নিরসনে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারকে অনুরোধ জানানো এবং সকল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আর্থিক ঘাটতি ও প্রশাসনিক ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মনিটরিং করার পক্ষে সভায় মত দেয়া হয়।

সভায় উপস্থিত ছিলেন কমিশনের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, প্রফেসর ড. মনজুর মোরশেদ মাহমুদ, প্রফেসর মনিরুল হক, প্রফেসর ড. কে. এম মহসিন, প্রফেসর ড. মাহফুজুল হক, কমিশনের খণ্ডকালীন সদস্য প্রফেসর ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রফেসর ড. শফিকুর রহমান, প্রফেসর ড. এম. আবদুল কাদের ভূঁইয়া, প্রফেসর ড. আতফুল হাই শিবলী, প্রফেসর ডা. চৌধুরী আলী কাওসার প্রমুখ। এছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।